

‘হেলেনের’ তাণ্ডবে প্রাণহানি বেড়ে ১০৫

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের দক্ষিণ পূর্বাঞ্চলে শক্তিশালী হারিকেন ‘হেলেন’র তাণ্ডবে এ পর্যন্ত অন্তত ১০৫ জন প্রাণ হারিয়েছেন। দুর্যোগের কারণে কয়েক লাখ মানুষ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন অবস্থায় আছেন। গত ২৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার রাতে শক্তিশালী হারিকেনটি ফ্লোরিডার বিগ বেন্ডে আঘাত হানে। এই অঞ্চলের এখন পর্যন্ত সবচেয়ে বেশি তাণ্ডব চালানো হারিকেন ছিল ‘হেলেন’।

স্থানীয় কর্তৃপক্ষ জানিয়েছে, গত বৃহস্পতিবার আঘাত হানা এই ঘূর্ণিঝড়ে অন্তত ১০৫ জনের মৃত্যুর তথ্য জানা গেছে। এ ছাড়া দক্ষিণ পূর্বাঞ্চলের ১০ *(বাকি অংশ ১২ এর পাতায়)*

জয়, পুতুল ও ববির ব্যাংক হিসাব জব্দ

ঢাকা ডেস্ক: আওয়ামী লীগের সভাপতি ও সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছেলে সজীব ওয়াজেদ জয় ও তার মেয়ে সায়মা

(বাকি অংশ ১৩ এর পাতায়)

The Weekly Bangla Patrika

সফলতার ২৮ বছর পেরিয়ে ২৯ এ পদার্পণ

বাংলা পত্রিকা

www.banglapatrikausa.com

বর্ষ ২৯ সংখ্যা ০২ সোমবার আশ্বিন ১৫ ১৪৩১ / রবিউল আউয়াল ২৭, ১৪৪৬ / Vol. 29 / Issue 02 / September 30, 2024 USA. Free in NY, Other State $1

জাতিসংঘে ড. ইউনূসের ভাষণ: জয়ধ্বনী সর্বত্রই

নিউইয়র্কে ব্যস্ত সময় অতিবাহিত

সংবর্ধনা অনুষ্ঠান বাতিল হওয়ায় প্রবাসীদের ক্ষোভ

সালাহউদ্দিন আহমেদ: জাতিসংঘের ৭৯তম সাধারণ অধিবেশনের মূল পর্বে বাংলাদেশের সরকার প্রধান হিসেবে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস শুক্রবার (২৭ সেপ্টেম্বর) ভাষণ দেন। নিউইয়র্ক সময় সকাল সাড়ে ১০টা দিকে দেশের অন্তর্বর্তী সরকার প্রধান হিসেবে শান্তিতে নোবেল পুরস্কার বিজয়ী একমাত্র বাংলাদেশী ড. ইউনূসের এটি-ই ছিলো প্রথম ভাষণ। এদিকে জাতিসংঘে তাঁর যোগদান ঘিরে বিশ্ব নেতৃবৃন্দের মাঝে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা যায় বলে কূটনৈতিক সূত্রে জানা গেছে। জাতিসংঘে ড. ইউনূস তার ৩৬ মিনিট ৩৬ সেকেন্ডের ভাষণে বাংলাদেশের সাম্প্রতিক ঘটে যাওয়ায় ‘জুলাই বিপ্লব’ অর্থাৎ ছাত্র-জনতার অভ্যুত্থানের গৌরবগাথা ছাড়াও দেশের সার্বিক পরিস্থিতি, তাঁর সরকারের আগামী কর্মসূচী ও বিশ্ব পরিস্থিতি তুলে ধরেন। জাতিসংঘের সাধারণ পরিষদের এবারের অধিবেশনের মূল প্রতিপাদ্য *(বাকি অংশ ১২ এর পাতায়)*




বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের ফাঁকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে বৈঠক করেন। এ বৈঠক বাংলাদেশের জন্য বিরল সুযোগ এবং দুই দেশের দ্বিপক্ষীয় সম্পর্ক নতুন উচ্চতায় নেওয়ার বড় পদক্ষেপ বলে মনে করা হচ্ছে। *ছবি: বাসস*

পদত্যাগ করবেন না মেয়র এরিক অ্যাডামস

বাংলা পত্রিকা রিপোর্ট: ফৌজদারি অভিযোগের মুখে পদত্যাগ করবেন না বলে ঘোষণা দিয়েছেন নিউইয়র্ক মেয়র এরিক অ্যাডামস। রোববার ব্রঙ্কসের ইমানুয়েল প্রেসবিটালিয়ান রিফর্মড চার্চে বক্তৃতা দেওয়াকালীন এরিক অ্যাডামস বলেন, তিনি রাজত্ব করতে চলেছেন। ফৌজদারি অভিযোগের মুখে পদত্যাগ করার কোনো ইচ্ছা নেই তার। শুক্রবার প্রথম মেয়াদে ফেডারেল দূর্নীতি এবং ঘুষের অভিযোগে দোষী সাব্যস্ত না হওয়ার দুইদিন পর রোববার তিনি এই ঘোষণা করেন। এসময় নিউইয়র্কের ফেইথ লিডাররা মেয়রের প্রতি নিজেদের সমর্থন ব্যক্ত করেন।

অন্যদিকে অনেক রক্ষণশীল এবং মূলধারার



ইহুদি এরিক অ্যাডামসের পদত্যাগ দাবি করে অ্যান্ড্রু কুওমোকে মেয়র পদে প্রতিদ্বন্দ্বিতার আহ্বান জানিয়েছেন।

এদিকে এক বিবৃতিতে গভর্নর কেথি হোকুল এরিক অ্যাডামসের ফেডারেল অভিযোগকে গুরুতর *(বাকি অংশ ১১ এর পাতায়)*

বিচারিক প্রক্রিয়ায় ভারতের কাছে শেখ হাসিনাকে ফেরত চাইতে পারি

টাইম টেলিভিশনকে পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন

বিশেষ প্রতিনিধি: ভারতের সাথে বাংলাদেশের বন্দী বিনিময় চুক্তি আছে। সেটার আওতায় বিচারিক প্রক্রিয়ায় ভারতের কাছে শেখ হাসিনাকে ফেরত চাইতে পারি বলে আশাবাদ ব্যাক্ত করেছেন অন্তর্বর্তী সরকারের পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন। শুক্রবার (২৭ সেপ্টেম্বর) বিকেলে নিউইয়র্কে টাইম টেলিভিশনের সাথে একান্ত স্বাক্ষাৎকারে পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন দেশত্যাগী সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেশে ফেরত আনা হবে কিনা এমন প্রশ্নের জাবাবে বলেন, ভারতের সাথে বাংলাদেশের বন্দী বিনিময় চুক্তি আছে। ওই চুক্তির আওতায় (বন্দী-কিংবা আসামী) ফেরত দেওয়ার বিধান আছে, তবে সেটা অটোমেটেড না। এ জন্য আমরা তাকে (শেখ হাসিনাকে) চাইতে হবে। তাছাড়া ফেরত চাওয়ার জুডিশিয়াল প্রক্রিয়া রয়েছে। সেটা মেনেই



শেখ হাসিনাকে ফেরত চাইতে পারি। এ ক্ষেত্রে ভারতের সাথে বাংলাদেশের বড় ধরনের কোন সমস্যা সৃষ্টি হয়নি। ভারতের সাথে বাংলাদেশের সম্পর্ক সমুন্নত রাখার বিষয়ে উপদেষ্টা তৌহিদ হোসেন বলেন, ভারত আমাদের প্রতিবেশি। ভারতের সাথে আমাদের অনেক ব্যবসা-বাণিজ্য, নদীর পানি বণ্টনসহ বিভিন্ন স্বার্থ জড়িত রয়েছে। তাই *(বাকি অংশ ৬ এর পাতায়)*

দর্শক ভালোবাসায় এগারোতে টাইম টেলিভিশন

পাঠক প্রিয়তায় বাংলা পত্রিকা’র ২৯ বছরে পদার্পণ

বাংলা পত্রিকা রিপোর্ট: পাঠক প্রিয়তায় ২৮ পেরিয়ে ২৯ বছরে পদার্পণ করলো উত্তর আমেরিকা প্রবাসী বাংলাদেশীদের মুখপত্র এবং অন্যতম পাঠকপ্রিয় পুরনো সাপ্তাহিক বাংলা পত্রিকা। পাশাপাশি দর্শক ভালোবাসায় দশ পেরিয়ে এগারোতে পা দিলো দর্শকনন্দিত নিউইয়র্কের জনপ্রিয় বাংলা টেলিভিশন চ্যানেল টাইম টেলিভিশন। মিডিয়া দুটির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে গত ২৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার সিটির এস্টোরিয়াস্থ মিডিয়া হাউজটির বার্তা কক্ষে আয়োজিত অনাড়ম্বর এক অনুষ্ঠানে কেক কেটে উদযাপিত হলো বাংলা পত্রিকা ও টাইম টেলিভিশন-এর *(বাকি অংশ ১৫ এর পাতায়)*



২৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার সিটির এস্টোরিয়াস্থ বাংলা পত্রিকা ও টাইম টেলিভিশনের বার্তা কক্ষে অনাড়ম্বর এক অনুষ্ঠানে কেক কেটে উদযাপন করা হয় প্রতিষ্ঠাবার্ষিকী।

মিশিগান ও উইসকনসিন স্টেটে তীব্র লড়াইয়ের আভাস


বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের আসন্ন প্রেসিডেন্ট নির্বাচন ঘিরে মিশিগান ও উইসকনসিন ষ্টেটে এখন গুরুত্বপূর্ণ দোদুল্যমান রাজ্যে পরিণত হয়েছে। ডেমোক্র্যাট প্রার্থী কমলা হ্যারিস ও রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্পের মধ্যে এসব অঞ্চলে জনমতের লড়াই দিন দিন তীব্র *(বাকি অংশ ৬ এর পাতায়)*











অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের নিউ ইয়র্ক সফরে কুটনৈতিক কার্যক্রম



বৃহস্পতিবার জাতিসংঘ সদর দপ্তরে বৈঠকে বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ও জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস। এসময় অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ও তাঁর সরকারের প্রতি পূর্ণ সমর্থন প্রকাশ করে মহাসচিব আন্তোনিও গুতেরেস বলেছেন, জাতিসংঘ বাংলাদেশের সংস্কারে সহায়তা করতে প্রস্তুত।




বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোকে বাংলাদেশে গত জুলাই-আগস্ট মাসে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় রাজধানী ঢাকার দেয়ালে শিক্ষার্থীদের আঁকা বর্ণিল গ্রাফিতি চিত্রের একটি সংকলন 'দ্য আর্ট অব ট্রায়াম্ফ' উপহার প্রদান করেন। এ সময় বাংলাদেশি শিক্ষার্থীদেরকে আরও ভিসা প্রদানের জন্য কানাডার প্রধানমন্ত্রীকে অনুরোধ করেন প্রধান উপদেষ্টা।







অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বাংলাদেশের তরুণেরাই নতুন বাংলাদেশ গড়বেন বলে আশা ব্যক্ত করেছেন। মঙ্গলবার নিউইয়র্কের জ্যাকসন হাইটসে যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট বিল ক্লিনটনের প্রতিষ্ঠান 'গ্লোবাল ইনিশিয়েটিভ'-এর আয়োজনে এক অনুষ্ঠানে অংশ নিয়ে ড. ইউনূস এ আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানের মঞ্চে ড. ইউনূস সাবেক যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট বিল ক্লিনটনের সঙ্গে নানা বিষয়ে কথা বলার ফাঁকে তাঁর সফরসঙ্গীদের দুইজনকে পরিচয় করিয়ে দেন।



অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের নিউ ইয়র্ক সফরে কুটনৈতিক কার্যক্রম



বৃহস্পতিবার নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের ফাঁকে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠক করেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন। এ সময় তিনি বাংলাদেশের প্রতি যুক্তরাষ্ট্রের সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন।



নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনার ফলকার টুর্কের সঙ্গে সাক্ষাৎ করেন প্রধান উপদেষ্টা ড. ইউনূস।




নিউইয়র্কে বুধবার জাতিসংঘ সদর দপ্তরে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিসি) প্রধান কৌঁসুলি করিম এ এ খান সাক্ষাৎ করেছেন। এ সময় প্রধান কৌঁসুলি বলেন, জুলাই-আগস্ট গণহত্যা নিয়ে আইসিসিতে অভিযোগ করতে পারে বাংলাদেশ।



নিউইয়র্কে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের বৈঠক হয়েছে। সেখানে বাংলাদেশ ও পাকিস্তানের নানা স্তরে দ্বিপক্ষীয় সহযোগিতা পুনরুজ্জীবিত করার প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা হয়েছে।



বাংলাদেশের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বৃহস্পতিবার নিউইয়র্কে জাতিসংঘ সদর দফতরে ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ভন ডের লেয়েনের সাথে দ্বিপাক্ষিক আলোচনা করেন।



শুক্রবার নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের ফাঁকে মালদ্বীপের প্রেসিডেন্ট মোহাম্মদ মুইজ্জুর সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করেন বাংলাদেশ সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস।



বৃহস্পতিবার নিউইয়র্কের একটি হোটেলে যুক্তরাষ্ট্রের ব্যবসায়ীদের সঙ্গে বৈঠক করেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। বাংলাদেশের নতুন যাত্রায় যুক্তরাষ্ট্রের ব্যবসায়ীদের অংশীদারত্ব চেয়েছেন ড. মুহাম্মদ ইউনূস।



নিউইয়র্ক বুধবার জাতিসংঘ সদর দপ্তরে বাংলাদেশের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট অজয় বাঙ্গা সাক্ষাৎ করেন। এ সময় বিশ্বব্যাংক প্রেসিডেন্ট বাংলাদেশকে সাড়ে তিন বিলিয়ন মার্কিন ডলার সহজশর্তে ঋণ প্রদানের ঘোষণা দেন।



ড. ইউনূসের সাথে বৈঠক করেছেন মানবাধিকার বিষয়ক সংগঠন রবার্ট এফ কেনেডি হিউম্যান রাইটসের প্রেসিডেন্ট কেরি কেনেডি।

The Weekly
Bangla Patrika
Editor: Abu Taher
Tel: 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

জাতিসংঘে ড. ইউনূসের ভাষণ ও অংশগ্রহণমূলক নির্বাচনের পরিবেশ

বাংলাদেশ একটি বিশেষ সময় অতিক্রম করছে। ক্ষমতায় আছে একটি অনির্বাচিত, অরাজনৈতিক অন্তর্বর্তী সরকার। এই সরকার প্রয়োজনীয় রাষ্ট্র সংস্কারের কাজ শেষ করে একটি 'যৌক্তিক' সময়ের পর জাতীয় নির্বাচনের আয়োজন করবে এবং নির্বাচিত সরকারের হাতে ক্ষমতা হস্তান্তর করে বিদায় নেবে। জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৯তম অধিবেশনে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস তাঁর ভাষণে বলেছেন, দেশের মানুষের আস্থা ও আত্মবিশ্বাস ফিরিয়ে আনতে সুনির্দিষ্ট কিছু খাতে সংস্কারকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে। তিনি বলেছেন, সেসব সংস্কার যেন টেকসই হয়, তা দীর্ঘ মেয়াদে নিশ্চিত করতে এবং অবাধ, নিরপেক্ষ ও অংশগ্রহণমূলক নির্বাচনের জন্য উপযোগী পরিবেশ তৈরির লক্ষ্যে তাঁর সরকার কাজ করে যাচ্ছে।

> *"জাতিসংঘের সাধারন অধিবেশনে দেওয়া ভাষণে প্রধান উপদেষ্টা বলেছেন, 'আমরা বিদ্যমান নির্বাচনব্যবস্থা, সংবিধান, বিচারব্যবস্থা, জনপ্রশাসন, আইনশৃঙ্খলা-ব্যবস্থা সংস্কারে স্বাধীন কমিশন গঠন করেছি। সংবাদপত্র ও গণমাধ্যমের সংস্কারের জন্যও পৃথক কমিশনসহ আরও কয়েকটি বিষয়ে কমিশন গঠন প্রক্রিয়াধীন রয়েছে।' অন্তর্বর্তী সরকার কত দিন ক্ষমতায় থাকবে, কবে নির্বাচন অনুষ্ঠিত হবে সে বিষয়ে স্পষ্ট কোনো কথা প্রধান উপদেষ্টা বলেননি। এ নিয়ে রাজনৈতিক মহলেও মতভিন্নতা আছে। আওয়ামী লীগ ক্ষমতাচ্যুত হওয়ার পর যে দলটি ক্ষমতাপ্রত্যাশী এবং দ্রুত সময়ের মধ্যে নির্বাচন হলে যে দলটির জয়লাভের সম্ভাবনা বেশি, সেই বিএনপি চায় অন্তর্বর্তী সরকারের মেয়াদকাল দীর্ঘায়িত না হোক। দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন নির্বাচন সংস্কারের জন্য একটা যৌক্তিক সময় অন্তর্বর্তী সরকার নিতে পারে। তবে তিনি এ কথাও স্মরণ করিয়ে দিয়েছেন, যৌক্তিক সময় মানে এই না যে, তারা অনেক বেশি সময় নিয়ে নেবে। যত দ্রুত নির্বাচন আয়োজন করা যাবে ততই দেশের মঙ্গল হবে।"*

শনিবার প্রকাশিত খবর থেকে জানা যায়, গত শুক্রবার জাতিসংঘের সাধারন অধিবেশনে দেওয়া ভাষণে প্রধান উপদেষ্টা বলেছেন, 'আমরা বিদ্যমান নির্বাচনব্যবস্থা, সংবিধান, বিচারব্যবস্থা, জনপ্রশাসন, আইনশৃঙ্খলা-ব্যবস্থা সংস্কারে স্বাধীন কমিশন গঠন করেছি। সংবাদপত্র ও গণমাধ্যমের সংস্কারের জন্যও পৃথক কমিশনসহ আরও কয়েকটি বিষয়ে কমিশন গঠন প্রক্রিয়াধীন রয়েছে।'

অন্তর্বর্তী সরকার কত দিন ক্ষমতায় থাকবে, কবে নির্বাচন অনুষ্ঠিত হবে সে বিষয়ে স্পষ্ট কোনো কথা প্রধান উপদেষ্টা বলেননি। এ নিয়ে রাজনৈতিক মহলেও মতভিন্নতা আছে। আওয়ামী লীগ ক্ষমতাচ্যুত হওয়ার পর যে দলটি ক্ষমতাপ্রত্যাশী এবং দ্রুত সময়ের মধ্যে নির্বাচন হলে যে দলটির জয়লাভের সম্ভাবনা বেশি, সেই বিএনপি চায় অন্তর্বর্তী সরকারের মেয়াদকাল দীর্ঘায়িত না হোক। দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন নির্বাচন সংস্কারের জন্য একটা যৌক্তিক সময় অন্তর্বর্তী সরকার নিতে পারে। তবে তিনি এ কথাও স্মরণ করিয়ে দিয়েছেন, যৌক্তিক সময় মানে এই না যে, তারা অনেক বেশি সময় নিয়ে নেবে। যত দ্রুত নির্বাচন আয়োজন করা যাবে ততই দেশের মঙ্গল হবে।

অন্যদিকে শোনা যায়, বাংলাদেশ জামায়াতে ইসলামীসহ কিছু ছোট দল অন্তর্বর্তী সরকারকে সময় দিতে আগ্রহী। তারপরও দলের আমির ডা. শফিকুর রহমান শুক্রবার বলেছেন, যৌক্তিক সময়ের মধ্যে গ্রহণযোগ্য নির্বাচন দিয়ে সম্মানের সঙ্গে বর্তমান অন্তর্বর্তী সরকারকে বিদায় নিতে হবে। কেননা, বছরের পর বছর দেরি করলে আগাছা জন্ম নিতে পারে, বিশৃঙ্খলা সৃষ্টি হতে পারে, তৃতীয় শক্তির উদ্ভব হতে পারে।

ছাত্র-জনতার অভ্যুত্থানের মাধ্যমে সরকার পরিবর্তনের পর দেশের রাজনৈতিক বাস্তবতায়ও স্বাভাবিকভাবেই এসেছে পরিবর্তন। ছাত্রদের কোটা সংস্কার আন্দোলন সরকার পতনের আন্দোলনে রূপ নেওয়ার মাধ্যমে দেশে বিভিন্ন রাজনৈতিক-সামাজিক শক্তির মধ্যে যে স্বতঃস্ফূর্ত ঐক্য তৈরি হয়েছিল, বিভিন্ন কারণে দুই মাস যেতে না যেতেই সেই ঐক্যের মনোভাব আর নেই। তা ছাড়া আওয়ামী লীগকে রাজনীতি করার সুযোগ না দিয়ে কীভাবে অংশগ্রহণমূলক নির্বাচনের অনুকূল পরিবেশ তৈরি করা হবে, তা অনেকের কাছেই পরিষ্কার নয়। তৃণমূল পর্যন্ত শিকড় বিস্তৃত রাজনৈতিক শক্তি আওয়ামী লীগকে নিষিদ্ধ করা কিংবা রাজনৈতিক তৎপরতার বাইরে রাখা কত দিন, কীভাবে সম্ভব হবে, দেখার বিষয় সেটাও।

কে হবেন প্রেসিডেন্ট-হ্যারিস না ট্রাম্প

(ডান পাশের অংশ থেকে) বিরুদ্ধে দেশটির পদক্ষেপকে সমর্থন করলেও আন্তর্জাতিক সমর্থন কমে যাওয়ায় দ্রুত সমাধানের আহ্বান জানিয়েছেন। হ্যারিস গাজার মানবিক সঙ্কটের ওপর জোর দিলেও ইসরাইলের আত্মরক্ষার অধিকারকে সমর্থন করেন। তিনি যুদ্ধবিরতি এবং দ্বি-রাষ্ট্রীয় সমাধানের পক্ষে।

ইরানকে সরাসরি আক্রমণ করার ব্যাপারে ট্রাম্প খুব সাবধানী ছিলেন এবং জন বোল্টনকে হুয়াইট হাউজ থেকে বের করে দিয়েছিলেন। তিনি ইরানের সামরিক ও আর্থিক ক্ষমতা লোপ করতে পরমাণু চুক্তি করেছিলেন যেটি বিপরীত ফল দিয়েছে। ইরানের সাথে সরাসরি যুদ্ধ করতে হ্যারিসের কোনো পরিকল্পনা নেই, তবে বাইডেন আক্রমণের জন্য হাঁকডাক করেছিলেন এবং জলে স্থলে ব্যূহ রচনা করে আবার পেছনে সরে আসেন।

নির্বাচন যতই ঘনিয়ে আসছে, হ্যারিসের বৈশ্বিক বিষয়াবলি মুষ্টিবদ্ধ করার সম্ভাবনা ততই জোরালো হচ্ছে। বাইডেনের সঙ্গে জোটবদ্ধ থাকলেও তার অনন্য বিশ্বদর্শন আন্তর্জাতিক মঞ্চে নেতৃত্বের একটি স্বতন্ত্র রূপের প্রতিশ্রুতি দিচ্ছে।

ব্লুমবার্গ ও মর্নিং কনসাল্ট জরিপে দেখা গেছে, মিশিগান, পেনসিলভানিয়া, উইসকনসিন, নেভাদা, অ্যারিজোনা, নর্থ ক্যারোলাইনা ও জর্জিয়া- এই সাতটি ব্যাটলগ্রাউন্ড রাজ্যে সামগ্রিকভাবে কমলা হ্যারিস দুই পয়েন্টে এগিয়ে আছেন। সাতটি রাজ্যের মধ্যে ছয়টিতে হ্যারিস ট্রাম্পের চেয়ে এগিয়ে রয়েছেন এবং অ্যারিজোনায় দুইজনই সমান ভাগাভাগিতে অবস্থান করছেন। সিএনএন আরেকটি বিতর্ক অনুষ্ঠান করতে চাইলে, হ্যারিস রাজি হলেও ট্রাম্প পছন্দ করছেন না। কমলা হ্যারিস বা ট্রাম্প যিনিই প্রেসিডেন্ট হোন না কেন, যুক্তরাষ্ট্র আন্তর্জাতিক আইনের নীতি এবং আন্তর্জাতিক সংস্থাগুলোর সিদ্ধান্ত ক্ষুণ্ন হলেও একতরফা পররাষ্ট্রনীতি অনুসরণ করা অব্যাহত রাখবেন।

লেখক: অবসরপ্রাপ্ত যুগ্ম সচিব ও গ্রন্থকার

কে হবেন প্রেসিডেন্ট-হ্যারিস না ট্রাম্প



মো: বজলুর রশীদ

যুক্তরাষ্ট্রে নির্বাচন হতে যাচ্ছে আগামী ৫ নভেম্বর। বিশ্ববাসী যুক্তরাষ্ট্রের নির্বাচন সবসময়ই আগ্রহ নিয়ে প্রত্যক্ষ করে। যুক্তরাষ্ট্রেও জনমনে জোয়ারের সৃষ্টি হয়। দেশী-বিদেশী পর্যবেক্ষকরা কয়েক সপ্তাহ ধরে দুই প্রার্থীর রাজনৈতিক অবস্থান এবং বক্তৃতা নিয়ে আলোচনা করছেন, বিভিন্ন জরিপ চালাচ্ছেন। তাদের মূল দু'টি দল রিপাবলিকান ও ডেমোক্র্যাট। রিপাবলিকানদের প্রতিনিধিত্বকারী সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং ডেমোক্র্যাটদের প্রতিনিধিত্বকারী বর্তমান ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস। কে হবেন প্রেসিডেন্ট? এসব আলোচনা করতে গিয়ে কূটনীতিক, রাজনৈতিক গবেষক ও পর্যবেক্ষকরা ব্যক্তিগত, জাতীয় ও আন্তর্জাতিক অনেক প্যারামিটার বিবেচনায় নিয়েছেন। এসব নিয়ামক ও প্রাক জরিপ নিঃসন্দেহে ৫ নভেম্বরের নির্বাচনকে আরো কৌতূহলোদ্দীপক করেছে। রাষ্ট্রপতি নির্বাচনের দৌড় যুক্তরাষ্ট্রের একটি অভ্যন্তরীণ বিষয় হলেও, বিশ্বের সব সরকার যুক্তরাষ্ট্রের পরবর্তী প্রেসিডেন্ট কে হবেন তা নিয়ে ঘনিষ্ঠভাবে নজর রাখছে; কেননা যুক্তরাষ্ট্র এখনো বিভিন্ন পরিমাপে বিশ্বের সবচেয়ে শক্তিশালী রাষ্ট্র এবং আধিপত্য বিস্তারে সক্ষমতাসম্পন্ন। বর্তমানে গাজা যুদ্ধের ভয়াবহ পরিবেশ ও ইসরাইলকে সহায়তাকরণ, যেকোনো সময় ইরান-ইসরাইল পরিপূর্ণ যুদ্ধ শুরু, আরব দেশগুলোর ভেতর বিবিধ মেরুকরণ, তুরস্ক, চীন ও রাশিয়ার ফিলিস্তিনী সঙ্কটে অংশগ্রহণ, রাশিয়া-চীনের ঐক্য ও তাবৎকালের বৃহৎ সামরিক মহড়া, ইউক্রেন যুদ্ধে ন্যাটোর অংশগ্রহণ ইস্যু ও রাশিয়ার পরমাণু হামলার আশঙ্কা, উত্তর-কোরিয়া ও রাশিয়ার সামরিক ঐক্য বিষয়গুলোর পরবর্তী কার্যক্রম ঢেলে সাজানোর ক্ষেত্রে কে আমেরিকার প্রেসিডেন্ট হচ্ছেন, তার চিন্তাধারা ও মানসিকতা কেমন সেসব অনেক গুরুত্বপূর্ণ। এখন আমেরিকায় চলছে নির্বাচনের জোর প্রচারণা।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টশিয়াল নির্বাচনী প্রচারণা বিশ্লেষণ করার সময় কিছু প্যারামিটার বিবেচনায় নিতে হয়। প্রার্থীদের ব্যক্তিত্ব, তাদের আগের কাজকর্ম গণমাধ্যম ও রাজনৈতিক মহলে ব্যাপক আলোচিত হয়। এই প্রথম কোনো আমেরিকান প্রেসিডেন্ট পদপ্রার্থী, বাইডেন প্রতিদ্বন্দ্বিতা থেকে সরে দাঁড়ালেন। আমেরিকার ইতিহাসে ছয়জন প্রেসিডেন্ট দ্বিতীয় মেয়াদে পুনর্নির্বাচনের জন্য প্রতিদ্বন্দ্বিতা না করার সিদ্ধান্ত নিয়েছিলেন। তবে জো বাইডেনের মতো তারা কেউই প্রথমে তাদের প্রার্থিতা ঘোষণা করে, পরে তা প্রত্যাহার করে নেননি। ২০২০ সালে সবচেয়ে বেশি বয়সী নির্বাচিত প্রেসিডেন্ট ছিলেন বাইডেন। তার প্রেসিডেন্সি ও প্রার্থিতা নিয়ে ব্যাপক আলোচনা হয়। অনেক চিকিৎসক, রাজনৈতিক বিশ্লেষক, রাজনীতিবিদ ও সাংবাদিক বাইডেনকে মূলত: তার বয়স ও স্বাস্থ্যগত উদ্বেগের কারণে দ্বিতীয় মেয়াদে পুনর্নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা না করার আহবান জানিয়েছেন। বাইডেন ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসের প্রতি তার সমর্থনের কথা জানান।

বর্তমানে ৮১ বছর বয়সী বাইডেন স্নায়ুযুদ্ধের চরম সময়ে পরিণত হয়েছেন এবং তার বিশ্বদর্শন তারই প্রতিফলন, হ্যারিস স্নায়ুযুদ্ধোত্তর বিশ্বে বেড়ে উঠেছেন যেখানে আমেরিকান আধিপত্যের জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ ছিল দেশে এবং বিদেশে তার আদর্শ সমুন্নত রাখার ব্যর্থতা।

ভাইস প্রেসিডেন্ট হিসেবে, ৫৯ বছর বয়সী হ্যারিসের চার বছর আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে তুলনামূলক কোনো সুফল আসেনি। তিনি ২০টিরও বেশি দেশ ভ্রমণ করেছেন, দেড় শতাধিক বিদেশী নেতার সঙ্গে সাক্ষাৎ করেছেন এবং মিউনিখ নিরাপত্তা সম্মেলনে গুরুত্বপূর্ণ প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন।

প্রসিকিউটর হিসেবে তার ঝোঁক হচ্ছে রাজনৈতিক ব্যবস্থা বা নেতাদের পরিবর্তে আইনের শাসন ও আন্তর্জাতিক রীতিনীতির প্রতি আনুগত্য দিয়ে দেশগুলোকে বিচার করা। অগণতান্ত্রিক দেশগুলোর সঙ্গে যুক্তরাষ্ট্রের সম্পৃক্ততার প্রয়োজনীয়তা স্বীকার করে এবং আমেরিকার নিজস্ব গণতান্ত্রিক ত্রুটিগুলো স্বীকার করে তিনি বাইডেনের 'গণতন্ত্র বনাম স্বৈরতন্ত্র' কাঠামোকে হ্রাসমূলক, ভন্ডামি ও অবাস্তব বলে মনে করেন। যদিও হ্যারিস বাইডেনের সাথে একমত যে, যুক্তরাষ্ট্র সাধারণত ভালোর জন্য একটি শক্তি, তবে তিনি অনিচ্ছাকৃত পরিণতি সম্পর্কে সতর্ক এবং একতরফা হস্তক্ষেপের চেয়ে বহুপাক্ষিক পদ্ধতির পক্ষে।

কমলা হ্যারিস গর্ভপাতের ফেডারেল অধিকার সমর্থন করেন এবং ভ্রুণের কার্যকারিতার আগে প্রক্রিয়াটি নিষিদ্ধ করা থেকে রাজ্যগুলোকে অবরুদ্ধ করার পক্ষে। তিনি গর্ভপাতের অধিকার রক্ষায় সোচ্চার ছিলেন, আমেরিকার ইতিহাসে তিনিই প্রথম ভাইস প্রেসিডেন্ট যিনি গর্ভপাত ক্লিনিক পরিদর্শন করতেন। অন্যদিকে ডোনাল্ড ট্রাম্প বলেছেন, তিনি ফেডারেল গর্ভপাত নিষেধাজ্ঞায় স্বাক্ষর করবেন না, তিনি বিশ্বাস করেন, রাজ্যগুলোর তাদের নিজস্ব বিধিনিষেধ আরোপ করার ক্ষমতা থাকা উচিত।

গত নির্বাচনে বাইডেনের কাছে হেরে যাওয়া ডোনাল্ড ট্রাম্প এর আগে নির্বাচিত যেকোনো আমেরিকান প্রেসিডেন্টের চেয়ে বেশি ভোট পেয়েছিলেন। তিনি ফলাফল নিয়ে প্রশ্ন তোলেন এবং দাবি করেন যে জালিয়াতির মাধ্যমে নির্বাচন চুরি করা হয়েছিল। ট্রাম্পের এই দাবির পরিপ্রেক্ষিতে ২০২১ সালের ৬ জানুয়ারী তার সমর্থকরা ইউএস ক্যাপিটলে হামলা চালায়। এই হামলা আমেরিকান রাজনীতির ভিত নাড়িয়ে দেয়। সে কারণে অনেকটা প্রতিশোধ নিতে এবং ডেমোক্র্যাটদের বিরুদ্ধে নির্বাচনে জিততে দৃঢ়প্রতিজ্ঞ হয়েছেন ট্রাম্প। ট্রাম্পের আরেকটি পরাজয় দেশটিতে রাজনৈতিক সমস্যার সৃষ্টি করতে পারে। অনেক রাজনৈতিক বিশ্লেষক ও পর্যবেক্ষক ভবিষ্যৎ সম্পর্কে হতাশা ব্যক্ত করেছেন। তারা মনে করছেন যে, ট্রাম্প নির্বাচনে জিতুন বা হেরে যান, ফলাফল আমেরিকান গণতন্ত্রের ওপর এক ধরনের নেতিবাচক প্রভাব ফেলবে। আরো একটি গুরুত্বপূর্ণ বিষয় হলো দুই প্রার্থীর ঘরোয়া ইস্যুতে গতানুগতিক অবস্থান। যদিও হ্যারিস মূলত ডেমোক্র্যাট পার্টির প্রতিনিধিত্ব করছেন ও দলের নির্বাচনী এলাকার ঐতিহ্যবাহী অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক অবস্থান সমর্থন করছেন, অন্য দিকে ট্রাম্প রিপাবলিকান ভোটারদের দৃষ্টিভঙ্গির প্রতিনিধিত্ব করছেন। ডেমোক্র্যাটরা আরো উদার এবং আন্তর্জাতিকতাবাদী, রিপাবলিকানরা আরো রক্ষণশীল এবং বিচ্ছিন্নতাবাদী। তদনুসারে, ডেমোক্র্যাট হ্যারিস উদারপন্থী, সুবিধাবঞ্চিত গোষ্ঠী এবং সংখ্যালঘুরা তাকে ভোট দেয়ার আহ্বান জানাচ্ছেন, অন্যদিকে ট্রাম্প মূলত রক্ষণশীল এবং অর্থনৈতিকভাবে উদার হওয়ায় দেশীয় গোষ্ঠীর ভোট চাইছেন। হ্যারিস তার ঐতিহ্যবাহী ভোটারদের সমর্থন পেতে সমস্যায় পড়তে পারেন। একদিকে ডেমোক্র্যাটদের অনেকেই এমন প্রেসিডেন্টকে ভোট দিতে চান না, যিনি ইসরাইলের গণহত্যানীতি সমর্থন করেন। অন্যদিকে, তারা খারাপ প্রত্যাবর্তন রোধ করতে হ্যারিসকে ভোট দিতে চান।

ট্রাম্প প্রথমবার প্রেসিডেন্ট নির্বাচনে প্রচারণার সময় অস্ত্র পলিসি বিষয়ে নিজেকে দ্বিতীয় সংশোধনীর রক্ষক হিসেবে অবস্থান নিয়েছিলেন। ২০২৪ সালের জুনে সুপ্রিম কোর্ট বাম্প স্টকের ওপর ট্রাম্প-যুগের নিষেধাজ্ঞা বাতিল করে দিয়েছিল। ২০২২ সালের ২৪ মে, টেক্সাসে এলিমেন্টারি স্কুলে গুলি চালানোর পরে, ট্রাম্প মানসিক স্বাস্থ্যের প্রতি জাতির দৃষ্টিভঙ্গির মারাত্মক পরিবর্তন এবং টপ-টু-বটম সুরক্ষা ওভারহল করার আহ্বান জানিয়েছিলেন। দেশের স্কুলগুলোতে আগ্নেয়াস্ত্র বিধিনিষেধ আরোপের আহ্বান প্রত্যাখ্যান করা হয়েছে। এবার ট্রাম্প প্রতিশ্রুতি দিয়েছেন, পুনর্নির্বাচিত হলে বাইডেন আমলের বন্দুক নিষেধাজ্ঞা বাতিল করবেন।

হ্যারিস জানান, সর্বজনীন ব্যাকগ্রাউন্ড চেক বাস্তবায়ন এবং বিপজ্জনক ও অস্থিতিশীল বলে মনে করা লোকদের কাছ থেকে বন্দুক কেড়ে নেয়ার জন্য লাল পতাকা আইন প্রসারিত করবেন। তিনি তথাকথিত অ্যাসল্ট অস্ত্র এবং উচ্চ ক্ষমতাসম্পন্ন ম্যাগজিন নিষিদ্ধ করতে চান। মিনিয়াপোলিস পুলিশের হাতে জর্জ ফ্লয়েড হত্যার পরিপ্রেক্ষিতে হ্যারিস পুলিশিং নিয়ে কঠোর অবস্থান নিয়েছিলেন। ভাইস প্রেসিডেন্ট হিসেবে কমলা হ্যারিস বলেছেন, মেরিল্যান্ডে নির্বাচনী প্রচারণার সময় বন্দুক সহিংসতা ঠেকাতে ফেডারেল পর্যায়ে আরো কিছু করা দরকার। ২০২২ সালে নিউইয়র্কে হাই-প্রোফাইল শুটিংয়ের পর হ্যারিস অ্যাসল্ট-স্টাইল অস্ত্র নিষিদ্ধ করার আহ্বান জানিয়েছিলেন।

বৈদেশিক নীতির বিষয়গুলো পরখ করলে দেখা যাবে, প্রার্থীদের দৃষ্টিভঙ্গিতে মিল-অমিল দু'টিই রয়েছে। হ্যারিস অভিবাসন ও সীমান্ত নিরাপত্তা নিয়ে তার ধারণা স্পষ্টভাবে ব্যাখ্যা করেছেন। ট্রাম্প অভিবাসন সংস্কার প্যাকেজের পক্ষে থাকলেও বৈধ ও অবৈধ উভয় অভিবাসনের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে দৃঢ়প্রতিজ্ঞ। তার দাবি, আমেরিকা-মেক্সিকো সীমান্তে দেয়াল নির্মাণের কাজ শেষ করা। জলবায়ু ইস্যুতে হ্যারিস গ্লোবাল ওয়ার্মিংকে কেবল যুক্তরাষ্ট্রের জন্যই নয়, সব মানবতার জন্য অস্তিত্বের হুমকি হিসেবে বিবেচনা করেছেন। অন্যদিকে, ট্রাম্প জলবায়ু পরিবর্তনের বৈজ্ঞানিক ব্যাখ্যা নিয়ে প্রশ্ন তুলেছেন এবং পয়সাকড়ি খরচে অংশগ্রহণ করতে চাচ্ছেন না। তার সোজা কথা 'সবার বোঝা আমেরিকার ঘাড়ে কেন?' তিনি জনগণকে ব্যাখ্যা করেছেন, জলবায়ু সঙ্কট নিয়ে কাজ করা আন্তর্জাতিক প্ল্যাটফর্ম থেকে যুক্তরাষ্ট্রকে প্রত্যাহার করবেন। বৈশ্বিক শক্তি সম্পর্কে দুই প্রার্থীর দৃষ্টিভঙ্গি ভিন্ন। কমলা হ্যারিস কট্টর রুশবিরোধী এবং ইউরোপে আমেরিকার অবস্থান শক্তিশালী করার চেষ্টা করছেন, ট্রাম্প ট্রান্সআটলান্টিক অ্যালায়েন্সের বা ন্যাটোর সমালোচক এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধ শেষ করতে চান। হ্যারিস উল্লেখ করেছেন, রাশিয়ার হুমকি মোকাবেলায় যত সময় লাগুক না কেন তার বিরুদ্ধে ইউক্রেনকে সমর্থন অব্যাহত রাখবেন। হ্যারিসের বিপরীতে, ট্রাম্প বুঝিয়েছেন তিনি ইউক্রেনে মার্কিন সহায়তা বন্ধ করবেন এবং চীনের বিরুদ্ধে কঠিন আক্রমণাত্মক পদক্ষেপ নেবেন। প্রযুক্তি থেকে শুরু করে অর্থনীতি ও সামরিক সব ক্ষেত্রেই দূরপ্রাচ্যের দেশ চীনের উত্থানকে চ্যালেঞ্জ জানাতে চান ট্রাম্প।

গুরুত্বপূর্ণ সাধারণ ক্ষেত্র হলো মধ্যপ্রাচ্য, এই বিষয়ে দুই পক্ষের নীতিতে খুব বেশি পার্থক্য নেই। ট্রাম্প তার প্রথম মেয়াদে ওবামার মধ্যপ্রাচ্যনীতি পাল্টে দেবেন বলে দাবি করলেও তিনি তা করতে পারেননি। কাজেই তিনি মধ্যপ্রাচ্যের বর্তমান আমেরিকান শাসনকে উল্টে দেবেন, এমনটি আশা করার কোনো কারণ নেই। ইসরাইলের প্রতি দুই প্রার্থীর অভিন্ন বোঝাপড়া রয়েছে যার প্রতি হ্যারিস এবং ট্রাম্প উভয়ই পূর্ণ সমর্থন দিয়েছেন ও ব্যাখ্যাও দিয়েছেন। এমনকি তারা ইসরাইলকে সমর্থন করার বিষয়ে তাদের প্রতিযোগিতা ঘোষণা করেছেন, যা আমেরিকান প্রেসিডেন্ট নির্বাচনের দৌড়ে সবচেয়ে হতাশাজনক বিষয়। তবে হ্যারিস ইসরাইলবিরোধীদের ভোট পাওয়ার জন্য বলেছেন, তিনি ইসরাইলের মানবতাবিরোধী কাজ সমর্থন করেন না।

আবার ফিলিস্তিনীদের বিরুদ্ধে ইসরাইলি নৃশংসতা নিয়ে কোনো প্রার্থীই প্রশ্ন তোলেননি এবং উভয়েই হানাদারদের সামরিক সহায়তা অব্যাহত রাখতে দৃঢ়প্রতিজ্ঞ। কমলা হ্যারিস গাজা ও পশ্চিম তীরে ইসরাইলের আন্তর্জাতিক আইন লঙ্ঘনের বিষয়ে বেশি সংবেদনশীল। তিনি সাধারণত বাইডেনের চেয়ে ফিলিস্তিনী রাষ্ট্রের পক্ষে বেশি সমর্থক। ইসরাইলের দীর্ঘদিনের কট্টর সমর্থক ট্রাম্প হামাসের *(বাকি অংশ বাম পাশে)*

বিসমিল্লাহির রাহমানির রাহিম

বাংলাদেশ সোসাইটি ইন্‌ক, নির্বাচন ২০২৪

BANGLADESH SOCIETY INC. ELECTION 2024

প্রবাসে বাংলাদেশী পার্লামেন্ট
২৭ অক্টোবর নির্বাচনে

"ঐক্যবদ্ধ কমিউনিটি ও মুলধারায় অবস্থান সুদৃঢ় করার লক্ষ্যে জনকল্যাণে
পরিক্ষিত সৎ ও নিষ্ঠাবান ব্যক্তিদের সমন্বয়ে সার্বজনীন"



রুহুল আমিন সিদ্দিকী
সভাপতি

রুহুল-জাহিদ পরিষদের
কোষাধ্যক্ষ প্রার্থী



জাহিদ মিন্টু
সাধারণ সম্পাদক

সামাজিক কার্যক্রম ও সাংগঠনিক অভিজ্ঞতাঃ

- ▶ বর্তমান বাংলাদেশ সোসাইটির কোষাধক্ষ্য
- ▶ সভাপতি ও সাবেক সাধারণ সম্পাদক (২বার)
  বাংলাদেশ-আমেরিকান কার ও লিমোজিন এসোসিয়েশন, ইন্‌ক
- ▶ সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক
  উডসাইড বায়তুল জান্নাত মসজিদ
- ▶ উডসাইড বায়তুল জান্নাত মসজিদের সাথে ১৪ বৎসর যাবৎ বিভিন্ন পদে সম্পৃক্ত
- ▶ সাবেক সাধারণ সম্পাদক (২বার)
  মুন্সীগঞ্জ বিক্রমপুর এসোসিয়েশন ইন্‌ক
- ▶ সাবেক কার্যকরী সদস্য
  বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা
- ▶ আজীবন সদস্য
  - উডসাইড বায়তুল জান্নাত মসজিদ
  - জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টার ও মসজিদ
  - নর্থ ব্রঙ্কস জামে মসজিদ এন্ড ইসলামিক সেন্টার
  - রিয়াযুল জান্নাহ্ মসজিদ এন্ড ইসলামিক সেন্টার (সাউথ জ্যামাইকা)
  - জ্যামাইকা মুসলিম সেন্টার, জ্যামাইকা
  - বায়তুল আতিক মুসলিম সেন্টার, উডসাইড

PLEASE CAST YOUR VOTE FOR
NOASHED HOSSAIN
TREASURER



PLEASE CAST YOUR VOTE FOR NOASHED HOSSAIN TREASURER

নওশেদ হোসেন
আপনাদের মূল্যবান ভোট ও দোয়া প্রার্থী



ফারুক চৌধুরী
তানিজার সহ সভাপতি



আমিনুল ইসলাম চৌধুরী
সহ সভাপতি



সরোয়ার খান বাবু
সহ সাধারণ সম্পাদক



মোঃ সাদী মিন্টু
সাংগঠনিক সম্পাদক



মনিকা রায় চৌধুরী
সাংস্কৃতিক সম্পাদক



নাদির আহমেদ আইয়ুব
সমাজকল্যাণ সম্পাদক



রোমানা আহমেদ
মহিলা সম্পাদক



আলমগীর হোসেন
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক



শাহনাজ হোসেন
তথ্য ও শিক্ষা সম্পাদক



আবদুর রব মিয়া
কার্যকরী সদস্য



মোঃ তাজু মিয়া
কার্যকরী সদস্য



নজরুল ইসলাম
কার্যকরী সদস্য



রফিকুল ইসলাম জালিম
কার্যকরী সদস্য



মোঃ সাইফুল ইসলাম
কার্যকরী সদস্য

PLEASE VOTE FOR
RUHUL-JAHID PANEL

প্রচারেঃ বাংলাদেশ-আমেরিকান কার ও লিমোজিন এসোসিয়েশন, ইন্‌ক

অন্তর্বর্তী সরকারের কাছে শেখ হাসিনা সংগ্রাম পরিষদের ১১ দফা দাবি

বিশেষ প্রতিনিধি: নবগঠিত 'শেখ হাসিনা সংগ্রাম পরিষদ' অন্তর্বর্তী সরকারের কাছে বাংলাদেশ আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনাসহ আওয়ামী লীগ ও তার অঙ্গসংগঠনের নেতা-কর্মীদের বিরুদ্ধে দায়ের করা সব মামলা প্রত্যাহার করাসহ ১১ দফা দাবি জানিয়েছে। গত ২৪ সেপ্টেম্বর মঙ্গলবার সন্ধ্যায় নিউইয়র্কের জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে অনুষ্ঠিত এক সাংবাদ সম্মেলনে এই দাবী জানানো হয়। বলা হয়, সংগঠনটি একটি অরাজনৈতিক সংগঠন।

সাংবাদ সম্মলেনর শুরুতে পঠিত লিখিত বক্তব্যে সংগঠনের অন্যতম সমন্বয়ক, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ নেতা যুক্তরাষ্ট্র যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক ফরিদ ফরিদ আলম ১১ দফা দাবী তুলে ধরেন। ৭১ সদস্যের নবগঠিত 'শেখ হাসিনা সংগ্রাম পরিষদ' আয়োজিত সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন সমন্বয়ক মিসবাহ আহমেদ, জামাল হোসেন, সাখাওয়াত হোসেন চঞ্চল, হুমায়ুন আহমেদ চৌধুরী, সেবুল মিয়া, আমিনুল ইসলাম, নুরুল ইসলাম, সাদেকুর রহমান, হেলিম উদ্দিন, আব্দুল ওয়াহিদ, জামাল আহামেদ, রিন্টু লাল দাস ও রহিমুজ্জামান সুমন।

'শেখ হাসিনা সংগ্রাম পরিষদ'-এর ১১ দাবীগুলো হচ্ছে: ১. শেখ হাসিনার বিরুদ্ধে 'ষড়যন্ত্রমুলক সব মিথ্যা মামলা' প্রত্যাহার করতে হবে। ২. আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীদের বিরুদ্ধে সব 'রাজনৈতিক মিথ্যা মামলা' প্রত্যাহার এবং সকল প্রকার 'হয়রানি' বন্ধ করতে হবে। ৩. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'ভাস্কর্য ভাঙচুর ও অবমাননাকারীদের' গ্রেপ্তার ও শাস্তি নিশ্চিত করতে হবে। ৪. মুক্তিযুদ্ধের ইতিহাস ও ঐতিহ্যবাহী ৩২ নম্বর বাড়িতে 'ভাঙচুর, লুটপাট ও অগ্নিসংযোগকারীদের দেশদ্রোহী মামলার' অধীনে বিচার ও শাস্তি দিতে হবে। ৫.সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের উপর 'নির্যাতন, ভাঙচুর ও উৎপাতকারীদের' গ্রেপ্তার ও শাস্তি দিতে হবে। সব নাগরিকের জানমালের নিরাপত্তা বিধানে আইন-শৃঙ্খলা বাহিনীকে আরও জোরদার পদক্ষেপ নিতে হবে। ৬. বাংলাদেশে 'মৌলবাদী সন্ত্রাস ও জঙ্গি তৎপরতা' বন্ধ করতে হবে এবং রাষ্ট্রীয় সম্পদ 'বিনষ্টকারীদের' গ্রেপ্তার করতে হবে। ৭. শিক্ষকদের 'অবমাননা ও জোরপূর্বক পদত্যাগ' করানো বন্ধ করতে হবে এবং শিক্ষা প্রতিষ্ঠানে 'সুষ্ঠু পরিবেশ' ফিরিয়ে আনতে হবে। ৮. 'ছাত্র আন্দোলনের নামে' সারাদেশে যত হত্যাকান্ড হয়েছে তার সুষ্ঠু তদন্ত এবং জড়িতদের বিচারের আওতায় আনতে হবে। ৯. আওয়ামী লীগের রাজনৈতিক কর্মকান্ড 'নিষিদ্ধ করার ষড়যন্ত্র' বন্ধ করতে হবে এবং দলীয় কর্মসূচি পালনের নিরাপত্তা দিতে হবে। ১০. বাংলাদেশে 'গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার জন্য এই অসাংবিধানিক অবৈধ' অর্ন্তবর্তী সরকারকে পদত্যাগ করতে হবে। ১১. শেখ হাসিনাকে 'বাদ দিয়ে' বাংলাদেশে কোন নির্বাচন করা যাবে না।

মিশিগান ও উইসকনসিন স্টেটে তীব্র লড়াইয়ের আভাস

(প্রথম পাতার পর) আকার নিচ্ছে। দ্য নিউইয়র্ক টাইমস এবং সিয়েনা কলেজের প্রকাশিত এক জরিপে দেখা যায়, মিশিগানে কমলার সমর্থন ৪৮ শতাংশ আর ট্রাম্পের ৪৭ শতাংশ, অন্যদিকে উইসকনসিনে কমলা এগিয়ে আছেন ৪৯ শতাংশ বনাম ট্রাম্পের ৪৭ শতাংশে।

নভেম্বরের প্রেসিডেন্ট নির্বাচনে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে দোদুল্যমান দুই ষ্টেটে মিশিগান ও উইসকনসিন। এখানে ডেমোক্রেটিক পার্টির প্রার্থী কমলা হ্যারিস ও তাঁর প্রতিদ্বন্দ্বী রিপাবলিকান পার্টির প্রার্থী ডোনাল্ড ট্রাম্পের মধ্যে জনসমর্থনে হাড্ডাহাড্ডি লড়াই চলছে। দ্য নিউইয়র্ক টাইমস ও সিয়েনা কলেজের গত শনিবারের প্রকাশ করা জরিপে বিষয়টি উঠে এসেছে। জরিপে দেখা গেছে, মিশিগানে কমলার সমর্থন ৪৮ শতাংশ আর ট্রাম্পের সমর্থন ৪৭ শতাংশ। অন্যদিকে উইসকনসিনে কমলার সমর্থন ৪৯ শতাংশ আর ট্রাম্পের ৪৭ শতাংশ। ২১ থেকে ২৭ সেপ্টেম্বর পর্যন্ত টেলিফোনে ভোটারদের মতামত নেওয়া হয়। মিশিগানে ৬৮৮ ও উইসকনসিনে ৬৮৯ জন ভোটার তাঁদের মতামত দেন। এ জরিপে অবশ্য মার্জিন অব এরর বা ভুলের মাত্রা ৪ শতাংশ। জরিপে আরও দেখা গেছে, নেব্রাস্কায় ট্রাম্পের চেয়ে ৯ পয়েন্টে এগিয়ে রয়েছেন কমলা। এখানকার ইলেকটোরাল কলেজ ভোট অবশ্য মাত্র একটি। কিন্তু এটিও নির্বাচনের ফল নির্ধারণে গুরুত্বপূর্ণ হয়ে উঠতে পারে। এদিকে সিএনএনের এক প্রতিবেদনে বলা হয়েছে, এক সপ্তাহ ধরে ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসের চেয়ে সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিষয়ে বেশি বেশি কথা শুনছেন যুক্তরাষ্ট্রের নাগরিকেরা। সিএনএনের করা জরিপে বিষয়টি উঠে এসেছে। অপরদিকে গত সপ্তাহগুলোতে রাজনৈতিক অঙ্গনে গুরুত্বপূর্ণ খবর হিসেবে কমলা ও ট্রাম্পের মধ্যে নির্বাচনী বিতর্ক, ফ্লোরিডায় ট্রাম্পকে হত্যাচেষ্টার অভিযোগে একজনকে গ্রেপ্তারের মতো বিষয়গুলো সংবাদের শিরোনাম হয়ে ওঠে। তবে সিএনএনের তথ্য বলছে, এ সপ্তাহে দুই প্রার্থীর সমর্থকেরা যেসব কথা শুনেছেন, তার মধ্যে বড় ধরনের পার্থক্য দেখা গেছে। রিপাবলিকান প্রার্থীরা বেশি গুরুত্ব দিচ্ছেন গত মাসে ফ্লোরিডায় ট্রাম্পের ওপর গুলি করার ঘটনার ওপর। অন্যদিকে ডেমোক্র্যাটরা বলছেন, তারা ওহাইওতে হাইতি অভিবাসীরা বিড়াল ধরে খাচ্ছেন বলে যে ভিত্তিহীন অভিযোগ উঠেছে, সে কথা বেশি শুনেছেন। ২০ থেকে ২৩ সেপ্টেম্বর সিএনএনের পক্ষে করা এসএসআরএস ও ভেরাসাইটের জরিপে দেখা গেছে, একতৃতীয়াংশ ভোটার বলেছেন, তাঁরা ট্রাম্পের সম্পর্কে খবর শুনেছেন বেশি। এর আগে আগস্ট ও সেপ্টেম্বরে দুজনের বিষয়ে খবর শোনার হার সমান ছিল।

কমলা হ্যারিসের বিচার হওয়া প্রয়োজন: পেনসিলভানিয়ায় ট্রাম্প

ডেমোক্রেটিক প্রেসিডেন্ট প্রার্থী কমলা হ্যারিসের প্রতি ব্যক্তিগত আক্রমণ করেছেন রিপাবলিকান প্রেসিডেন্ট প্রার্থী ডোনাল্ড ট্রাম্প। কমলাকে আবারও মানসিক প্রতিবন্ধী উল্লেখ করে তাকে অভিশংসিত ও বিচারের মুখোমুখি করা উচিত বলে মন্তব্য করেন সাবেক এই প্রেসিডেন্ট। রোববার পেনসিলভানিয়ার ইরিতে এক সমাবেশে ট্রাম্প বলেন, হ্যারিস যুক্তরাষ্ট্র-মেক্সিকো সীমান্তে অভিযানের জন্য দায়ী এবং এজন্য তাকে অভিশংসন এবং বিচারের মুখোমুখি করা উচিত। ট্রাম্প আরও বলেন, 'বাইডেনের মতো কমলাও মানসিকভাবে প্রতিবন্ধী। যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচনের প্রায় একমাস বাকি থাকতে ট্রাম্প তার প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের প্রতি ব্যক্তিগত আক্রমণ বাড়িয়েছেন। এমনকি কয়েকজন রিপাবলিকান বলেছেন যে তিনি ভোটারদের উদ্বেগ বাড়ায় এমন বিষয়গুলোতে লেগে থাকলে ভালো হবে।তবে কামলা ট্রাম্পের সাম্প্রতিক এই মন্তব্য সম্পর্কে কিছু বলতে রাজি হননি।

৭ দোদুল্যমান রাজ্যের ৬টিতেই ট্রাম্পকে টপকালেন কমলা

নভেম্বরের নির্বাচন ঘিরে প্রধান দুই প্রেসিডেন্ট প্রার্থীর মধ্যে রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্পকে পেছনে ফেলেছেন ডেমোক্র্যাট প্রার্থী কমলা হ্যারিস। গত ১৯ থেকে ২৫ সেপ্টেম্বরের মধ্যে ব্লুমবার্গ নিউজ এবং মর্নিং কনসালট্যান্ট যৌথভাবে এই জরিপ পরিচালনা করে। গত ২৭ সেপ্টেম্বর শুক্রবার প্রকাশিত এই জরিপে দেখা যায় সাতটি দোদুল্যমান রাজ্যের ছয়টিতেই ট্রাম্পের চেয়ে ২ থেকে ৭ পয়েন্টে এগিয়ে আছেন কমলা। শুধু জর্জিয়ায় দুজনই ৪৯% সমর্থন নিয়ে সমান অবস্থানে আছেন। জরিপে অনুসারে, নেভাদায় ৭, পেনসিলভানিয়ায় ৫, নর্থ ক্যারোলিনায় ২ এবং অন্তত ৩ পয়েন্ট করে অ্যারিজোনা, মিশিগান ও উইসকনসিনে এগিয়ে আছেন কমলা। জরিপের ফলাফল বলছে, প্রচারাভিযানে অর্থনীতিকে ফোকাস করার অ্যাজেন্ডা থেকে উপকৃত হচ্ছেন কমলা হ্যারিস। জরিপটি ৭ রাজ্যের ৫ হাজার ৬৯২ জন সম্ভাব্য ভোটারের মধ্যে পরিচালনা করা হয়েছে।

বিচারিক প্রক্রিয়ায় ভারতের কাছে শেখ হাসিনাকে ফেরত

(প্রথম পাতার পর) ভারতের সাথে আমরা ভালো সম্পর্ক চাই। ভারতের পররাষ্ট্র মন্ত্রীর সাথে আলাপ হয়েছে। উনারাও চান ভালো সম্পর্ক বজায় রাখতে। স্বার্থ সংশ্লিষ্ট কারণে দুই দেশের নিজেদের স্বার্থেই ভালো সম্পর্কের দিকে এগোবে এটাই আমার আশাবাদ।

বাংলাদেশে জঙ্গীবাদের পুনরুত্থান নিয়ে ভারতের কোন ইস্যু আছে কিনা এমন প্রশ্নের জবাবে তৌহিদ হোসেন বলেন, ভারতের মিডিয়া বাংলাদেশে জঙ্গীবাদের হাতে চলে গেছে এমন হাইপ তুলার চেষ্টা করেছিলো। বাংলাদেশের যে শিক্ষার্থীরা বিপ্লব করেছে তারা তো আর জঙ্গী নয়। কারণ তারা বন্দুকের বুলেটের সামনে দাঁড়িয়ে আন্দোলন করেছে। শিক্ষার্থীরাতো কাউকে গুলি করে মারেনি। কাজেই এটা শুধু ভারতের মিডিয়ার অপপ্রচার বাংলাদেশের বিরুদ্ধে। যারা বাংলাদেশের এই পরিবর্তনকে ভালো দৃষ্টিতে দেখছেনা, এটা তাদের প্রয়াস। এটা আমাদের জন্য বড় কোন সমস্যা না। তবে বিশ্বের কাছে তুলে ধরতে হবে বাংলাদেশের বিরুদ্ধে যে অপপ্রচার হচ্ছে সেটা সঠিক না।

সাবেক সরকারের সমর্থক ও দলীয় নেতাকর্মীরা অন্তর্বর্তী সরকারের ক্ষমতাগ্রহণ এবং গ্রহণযোগ্যতা নিয়ে অভিযোগ তুলছে এমন প্রশ্নে তিনি বলেন, এ সরকারের গ্রহণযোগ্যতা নিয়ে কোন সমস্যা দেখিনি। যাদের সাথে যোগাযোগ করেছি তারাই এ সরকারকে সমর্থন দিয়েছেন। এ সরকারতো ১০ বছরের ক্ষমতায় থাকার জন্য আসেনি। এই সরকার এসেছে নির্দিষ্ট কিছু সংস্কার কাজ করার জন্য। আন্দোলনকারীরা আমাদের ক্ষমতায় বসিয়েছে তাদেরকে ক্ষমতায় বসানোর জন্য তো কোন দাবি করেনি। তারা শুধু চেয়েছে আগামী দিনগুলোতে রাষ্ট্রের সংস্কার। তাদের এ সংস্কারের দাবিগুলোর যৌক্তিকতাও রয়েছে। তাই আমরা এসব সংস্কার করে নির্বাচন দিয়ে সরে যাবো। আগের সরকারের সমর্থকেরা বিভিন্ন প্রশ্ন তুলতে পারে। এটা তাদের বাকস্বাধীনতা।

তিনি তাদের প্রতি প্রশ্ন তুলে বলেন, আমার একটাই যখন নির্বিচারে আন্দোলনরত নিরীহ শিক্ষার্থীদের গুলি করে মারা হলো তখন তারা কোথায় ছিলেন? তখন আগের সরকারের সমর্থকরা এ হত্যার বিরুদ্ধে রাস্তায় কেন নামলেন না?

প্রবাসীদের দীর্ঘদিনের দাবি 'ঢাকা-নিউইয়র্ক-ঢাকা' রুটে বিমানের ফ্লাইট চালু, এনআইডি কার্ড ও পাসপোর্ট সেবার ভোগান্তি কমাতে কোন পদক্ষেপ নিবেন কিনা, ঢাকা-নিউ ইয়র্ক বিমানের ফ্লাইট চালুর বিষয়টি শুধু একার নয়, যুক্তরাষ্ট্রের কর্তৃপক্ষের অনুমতির প্রয়োজন রয়েছে। এ ছাড়া তাদের কাছে নিরাপত্তাসহ আন্তর্জাতিক মান নিয়ন্ত্রণের গ্রহণযোগ্যতার ওপর নির্ভর করে। আমাদের নতুন টার্মিনাল যেটি নির্মাণাধীন আছে সেটির চালু হলে এবং আমি যতদূর জানি এ রুটে বিমান চালুর জন্য একটি নির্ভরশীল কোম্পানিকে দায়িত্ব দিতে হবে অপারেশনের জন্য। এগুলো হলে হয়তো এখানকার কর্তৃপক্ষের সহজ হবে এপ্রুভাল দিতে।

এনআইডি কার্ড ও পাসপোর্টতো বাংলাদেশে প্রিন্ট করা হয়। এটা আলাদা কোন স্থানে সম্ভব না। তবে দ্রুত যাতে এনআইডি কার্ড ও পাসপোর্ট সেবা দেওয়া যায় সে বিষয়টি চেষ্টা করবো।

দ্যা বোর্ড অব ইলেকশনস
ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক

বিশেষ ঘোষণা

ভোটার নিবন্ধন করার
তারিখ এবং সময়সূচী:

২৮ সেপ্টেম্বর — শনিবার দুপুর ১টা থেকে রাত ৯টা পর্যন্ত

এবং

১০ অক্টোবর — বৃহস্পতিবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত

কোথায় ভোটার নিবন্ধন করতে
পারবেন জেনে নিন
Vote.NYC
থেকে অথবা কল করুন
866-VOTE-NYC
এবং নিকটস্থ ঠিকানা খুঁজে নিন !

২৬ অকেটাবর, ২০২৪
থেকে ৩ নভেম্বর, ২০২৪
অগ্রিম ভোট গ্রহণ করা হবে।

৫ নভেম্বর, ২০২৪
নির্বাচন অনুষ্ঠিত হবে।

আমরা চাই আপনি নির্বাচন কর্মী
হিসাবে আমদের সাথে কাজ করুন।
PollWork.vote.nyc

VOTE NYC

১৮ মাসের মধ্যে নির্বাচন এমন মন্তব্য সেনাপ্রধানের একান্ত ব্যক্তিগত

(শেষ পাতার পর) জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৯তম অধিবেশনের সাইডলাইনে 'ব্র্যান্ডিং বাংলাদেশ' শীর্ষক একটি সেমিনারে তিনি এ কথা জানান।

সিটির উডসাইডস্থ জয়া পার্টি হলে সেন্টার ফর এনআরবি আয়োজিত সেমিনারে পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা মোঃ তৌহিদ হোসেন বলেন, পররাষ্ট্র বিষয়ক নীতিমালার কিছু ক্ষেত্রে আমাদের কঠোর নিজস্বতা থাকবে। বাংলাদেশ তার রাষ্ট্রীয় স্বার্থে সব দেশের সাথে সুসম্পর্ক বজায় রেখে কাজ করে যাবে। দেশ আজ নিজস্ব গতিতে এগিয়ে যাচ্ছে এবং আমরা আমাদের বৈদেশিক নীতির কিছু ক্ষেত্রে দেশের স্বার্থ সমুন্নত রাখতে কারো কোনো পরামর্শে বিচ্যুত হবো না। আমরা আমাদের নিজস্বতা ও মর্যাদা বজায় রেখে প্রতিবেশীসহ সকল দেশের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রেখে এগিয়ে যাব। তিনি বলেন, বহির্বিশ্বে দেশের ভাবমূর্তি উন্নয়নে প্রবাসীরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। তাদের প্রেরিত অর্থ দেশের অর্থনৈতিক উন্নয়নে বলিষ্ঠ অবদান রেখে চলেছে। আমাদের ছাত্র-জনতার আকাঙ্খা পূরণে ও দেশের স্বার্থ রক্ষায় আমরা বদ্ধপরিকর।

সেন্টার ফর এনআরবি'র চেয়ারপার্সন এম এম এস সেকিল চৌধুরীর সভাপতিত্বে এ সম্মেলনে নির্ধারিত আলোচক হিসেবে বক্তব্য রাখেন, জাতিসংঘ স্কলার ও চিন্তাবিদ ইন্দনেশিয়ার ড. শামসী আলী, জাতিসংঘের পরিবেশ ও জলবায়ু বিশেষজ্ঞ ইনা ইসলাম, লন্ডন ব্রান্ট কাউন্সিলের প্রাক্তন মেয়র পারভেজ আহমদ ও বাংলাদেশের ব্যবসায়ী নেতা মোঃ সবুর খান।

অনুষ্ঠানে বিভিন্ন বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন এনআরবি সেন্টার আমেরিকার সাপোর্ট গ্রুপের প্রতিনিধি ব্যবসায়ী সানওয়ার চৌধুরী, লেখক-সাংবাদিক শামসাদ হুসাম, সমাজসেবী বদরুন নাহার মিতা ও কবির চৌধুরী, কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডক্টর বদরুল আলম, মহিলা উদ্যোক্তা তহুরা চৌধুরী, এডভোকেট নাসির উদ্দীন, কমিউনিটি নেতা রোকন হাকিম, ব্যবসায়ী নেতা লিটন আহমদ, ব্যাংকার ওয়াসেফ চৌধুরী, সমাজসেবী আব্দুর রহমান, ইঞ্জিনিয়ার মোজাফ্ফর আহমদ, তরুণ উদ্যোক্তা শেখ ফরহাদ প্রমুখ। আলহাজ আব্দুর রহিমের কোরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়।

বক্তারা বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করতে প্রবাসী ও বিশিষ্ট ব্যক্তিদের পাশাপাশি দল নিরপেক্ষ মেধাবী ব্যক্তিদেরও কাজে লাগাতে সরকারের প্রতি আহ্বান জানান। তারা পরবর্তী রাজনৈতিক সরকারের জন্য ইতিবাচক কার্যক্রম এবং সৎ ও নীতিবান কর্মকর্তাদের প্রশাসনের কাজে নিয়োজিত করার পথ তৈরীর আহবান জানিয়ে বলেন, প্রবাসীরা দিতে চান, রাষ্ট্রের কাজ হবে এটি গ্রহনের ব্যবস্থা নেওয়া।

বক্তারা বলেন, দেশে দুর্নীতি ও লুটপাটকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে, লুটের টাকা বিদেশে পাচার করে বিদেশে দেশের ভাবমূর্তি ক্ষুন্নকারী দূর্বৃত্তদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিতে হবে। লুটেরাদের রাষ্ট্রীয় কার্যক্রমে অংশগ্রহণ নিষিদ্ধ করতে হবে, রাজনীতির নামে দেশের জনগণের এবং প্রবাসীদের হয়রানী ও সম্পদ হরণ বন্ধ করতে হবে, আদর্শ রাজনীতিবিদদের অগ্রাধিকার দিয়ে দেশ পরিচালনার ব্যবস্থা করতে হবে।

সভাপতির বক্তব্যে এম এস সেকিল চৌধুরী বলেন, প্রবাসীরা বিদেশে দেশের ব্র্যান্ডিং করছেন, রেমিট্যান্স পাঠিয়ে দেশের অর্থনীতিতে ইতিবাচক অবদান রাখছেন। সুতরাং রাষ্ট্রকে প্রবাসীদের সমস্যাগুলো চিহ্নিত করে সমাধান করতে হবে, পাওয়ার অব অ্যাটর্নি, এনআইডি কার্ড, পাসপোর্ট নবায়নসহ অত্যাবশ্যকীয় কনসুলার সেবাগুলো সহজলভ্য করতে হবে। সেকিল চৌধুরী বলেন, আমাদের শান্তিরক্ষীরা দেশের ভাবমূর্তি উজ্জ্বল করে চলেছেন, তাদের ত্যাগ বাংলাদেশকে নতুন উচ্চতায় নিয়ে গেছে। এ কাজকে আরও এগিয়ে নিতে যেতে হবে। তিনি বলেন, বিদেশে বাংলাদেশের মিশনগুলোকে দলবাজির বাইরে রাখতে হবে, কূটনৈতিকদের দলীয় রাজনৈতিক কার্যক্রম থেকে দূরে রাখতে হবে। মিশনগুলোতে দলমত নির্বিশেষে সকল প্রবাসীকে সর্বোচ্চ সেবা প্রদানের ব্যবস্থা করতে হবে। মিশন কর্মকর্তাদের অযথা কাজে যোগদান থেকে বিরত রাখতে হবে। সেকিল চৌধুরী বিভিন্ন আনুষ্ঠানিকতা ও প্রকাশনার কাজ থেকে মিশন কর্মকর্তাদের বিরত থেকে প্রবাসী ও দেশের কাজে সময় ব্যয় করতে কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের জন্য সরকারের কাছে আহ্বান জানান।





দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.
PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.



নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং



আমরা অন্যান্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই

যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

(শেষ পাতার পর) পরিণত করতে পারে না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত সাধারণত যোগাযোগ কম, আশ্বাস প্রদান, বাড়ি বিক্রির বাজারদর সম্পর্কে অজ্ঞ প্রভৃতি আচার-আচরণ করে থাকে। তাই বাড়ী ক্রয়ের সময় একজন ভালো, বিশ্বস্ত রিয়েল এস্টেট এজেন্টের স্মরণাপন্ন হওয়াই শ্রেয়।
নিউইয়র্কে বাড়ী ক্রয়-বিক্রয় বা মর্টগেজ সংক্রান্ত যে কোন সমস্যায় আমরা সঠিক পরামর্শ দিয়ে থাকি। ফ্রি কনসাটেন্সীর জন্য যোগাযোগ করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)।

এক স্লিপ

(শেষ পাতার পর) কাজ করছেন বলে জানান। তবে নীতি-নৈতিকতার বিবেচনায় এই সব এজেন্সীগুলো সংশ্লিস্ট মিডিয়াগুলোর আর্থিক সহযোগিতা পেলে তারাও আরো বেশী সেবা দিতে পারবেন বলে জানা গেছে। সংশ্লিস্টরা এনিয়ে আলোচনাকালে তাদের অভিব্যক্তি তুলে ধরেন।
১৫ সেপ্টেম্বর ২০২৪

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

সেইফ হেল্‌থ মেডিকেল কেয়ার
অভিজ্ঞ বাংলাদেশী ডাক্তার দ্বারা পরিচালিত



MOHAMMED HELAL UDDIN, M.D.
মোহাম্মদ হেলাল উদ্দিন, এম.ডি.
আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

শাদমান নোশিন
ফিজিশিয়ান এ্যাসিসট্যান্ট

কার্ডিওলজী — তরুণজিৎ সিং, এম.ডি.
বোর্ড সার্টিফাইড জেনারেল, নিউক্লিয়ার এন্ড ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট

পডিয়াট্রি — ডা. সাদী আলম, ডিপিএম
পায়ের পাতা ও গোড়ালী রোগ বিশেষজ্ঞ

সাইকিয়াট্রিস্ট — সোহেল এম. শিপু, এম.ডি.
বোর্ড সার্টিফাইড এডাল্ট সাইকিয়াট্রিস্ট

We Accept most Insurance
আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি

৩০৯৯ বেইনব্রিজ এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক ১০৪৬৭
ফোন: ৭১৮-৯৯৪-৭০০০
safehealth02@gmail.com

১৩৮১ ক্যাসেলহিল এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক ১০৪৬২
ফোন: ৭১৮-৯৭৫-৭৪৩১
safehealth02@gmail.com

Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD
Akash Medical Care
Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist

পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon

FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration

*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ



Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

NIGAR SULTANA
LICENSED REALESTATE AGENT
929-561-9226
TEXT NSL TO 85377 FOR DIGITAL BUSINESS CARD



ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের ইউনাইটেড স্টেটস অব আমেরিকার স্বাধীনতা দিবসের শুভেচ্ছা। আশা করি আপনারা সবাই সুস্থ আছেন। আপনাদের মঙ্গলকর জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

অক্টোবর ২০২৪ ভিসা বুলেটিন:

ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেট (ডিওএস) অক্টোবর ২০২৪ এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিচে পারিবারিক ভিত্তিতে ২০২৪-এর ভিসা বুলেটিন এর প্রাপ্যতা উল্লেখ করা হলো:

উল্লেখ্য যে, ফাইনাল এ্যাকশন ডেট হচ্ছে সেই ডেট যখন ইউএসসিআইএস/ডিওএস তাদের চূড়ান্ত সিদ্ধান্ত জানাবে। তারপর আপনার প্রায়োরিটি তারিখ হবে তার পূর্বে। অক্টোবর ২০২৪ এর পারিবারিক ভিত্তিতে ভিসা ক্যাটাগরিতে তেমন কোন অগ্রগতি দেখা যাচ্ছে না।

ফ্যামিলি স্পন্সর অগ্রাধিকার

প্রথম: (এফ-১) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্রকন্যা: অক্টোবর ২২, ২০১৫।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র কন্যা।

এ. (এফ ২ এ): পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান: নভেম্বর ১৫, ২০২১।

বি. (এফ ২বি): পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্রকন্যা ২১ নিম্ন বা তদুর্দ্ধ বয়সী: মে ০১, ২০১৬।

তৃতীয়: (এফ ৩) ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্রকন্যা: এপ্রিল ০১, ২০১০।

চতুর্থ: (এফ ৪) প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন: আগস্ট ০১, ২০০৭।

এ বিষয়ে বিস্তারিত জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

সংশ্লিষ্ট পক্ষের ফিফথ্ সার্কিট কোর্ট অব আপিলে আবেদন জানালে ল'স্যুটের জায়গায় প্যারোল ত্বরান্বিত হবে।

স্বামী-স্ত্রী এবং সৎ সন্তানদের (স্টেপ চিলড্রেন) জন্য প্যারোল-ইন-প্লেস এর সর্বশেষ পরিস্থিতি

গত জুন, ২০২৪ এ আমরা ইউএসএ'র সিটিজেনদের বৈধ কাগজপত্রহীন স্বামী/স্ত্রী (স্পাউস এবং সৎ সন্তানদের জন্য প্রেসিডেন্ট বাইডেন প্রশাসনের নতুন প্যারোল-ইন-প্লেস (পিআইপি) ঘোষণা নিয়ে লিখেছিলাম। এ প্রক্রিয়ার লক্ষ্য হচ্ছে, যোগ্য আবেদনকারীদের ইউএসএ ত্যাগ করা বা পরিবার থেকে বিচ্ছিন্ন হওয়ার ঝুঁকি থেকে মুক্ত হওয়া। এই কর্মসূচিটি গত ১৯ আগস্ট ২০২৪ এ কার্যকর হয়েছে এবং সঙ্গে সঙ্গেই ইউএস সিটিজেনশীপ এ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস (ইউ এস সি আই এস) আবেদনপত্র প্রক্রিয়াজাত করতে শুরু করে দেয়।

অবশ্য ২৩ আগস্ট ২০২৪ এ টেক্সাসে এবং তার সাথে আরো ১৫ টি রাজ্যে এই প্রক্রিয়া বন্ধের জন্য মামলা দায়ের করে। আগস্ট ২৬, ২০২৪ তারিখে টেক্সাসের ফেডারেল কোর্ট এই প্রকিয়া বন্ধের নির্দেশ দেন। কবে কোর্ট এই প্রক্রিয়ার মধ্যে আরও অনেক প্রশ্নের মিমাংসার সিদ্ধান্ত গ্রহণ করেন।

কোর্ট কেসের আপডেটস:

গত ২৬ আগস্ট পৃথকভাবে ১৭ জন মানুষ প্যারোল-ইন-প্লেস কর্মসূচির সুফল পেতে একটি পক্ষের হয়ে টেক্সাস ল'স্যুটে সেকশন টু ইন্টারভেন ফাইল করেন।

এরপর ০৩ সেপ্টেম্বর ২০২৪ এ তৃতীয় টেক্সাস ডিস্ট্রিক্ট সার্কিট কোর্ট এ বিষয়ে হস্তক্ষেপ করতে অস্বীকার করেন। এর ফল স্বরূপ সংশ্লিস্ট পার্টি লোয়ার কোর্টেরসেকশন অব ইন্টারভেইন অযৌক্তিক ছিলো উল্লেখ করে ইউএসএ'র ফিফথ্ সার্কিট কোর্টের আপিল বিভাগে শুনানীর সুযোগ লাভের জন্য আবেদন করেন। অক্টোবর ১০ শুনানীর তারিখ নির্ধারিত হয়েছে এবং আদালত বলেছেন যে, আর কোন পদক্ষেপ লোয়ার কোর্টে ঐ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবেনা।

কোর্ট অব আপিলের আদেশনামায় বলা হয়েছে যে, চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে না-বাইডেনের প্রোগ্রামের অতীত প্যারোল-ইন-প্লেস আবেদন ইউএসসিআইএস গ্রহণ করলে তা প্রক্রিয়াজাত করতে পারবেন।

নতুন আইন, ফরম আই-১৩১ এর অধীনে যেসব প্রমাণাদি প্রয়োজন তার তালিকা:

স্পাউসের (স্বামী-স্ত্রী) জন্য ম্যারেজ সার্টিফিকেট (ইউএস সিটিজেনদের সঙ্গে বিবাহের বৈধ প্রমাণাদি) যেমন

ম্যারেজ সার্টিফিকেট (১৭ জুন ২০২৪ পর্যন্ত কোন ইউএস সিটিজেন এর সাথে আইনসম্মত ভাবে বৈধ বিবাহের প্রমাণ)

২ কপি পাসপোর্ট সাইজের ছবি

ইউএস সিটিজেনদের স্পাউসের (স্বামী-স্ত্রী) প্রমাণপত্র যেমন- পাসপোর্ট, জন্মসনদ অথবা ন্যাচারালাইজেশন সনদ।

গত ১০ বছর ধরে নিরবচ্ছিন্ন ভাবে ইউএসএতে অবস্থানের প্রমাণঃ

উদাহরণস্বরূপ, এমন প্রমাণ যার মধ্যে থাকতে পারে

বাড়ি ভাড়ার রিসিপট বা ইউটিলিটি বিল।

স্কুল রেকর্ড (চিঠিপত্র, রিপোর্ট কার্ড ইত্যাদি)

হাসপাতাল বা মেডিকেল রেকর্ডস

ব্যাক্তিকে নামে চিনতে পারে এমন কোন ধর্মীয় প্রতিষ্ঠান, ইউনিয়ন অথবা সংগঠনসমূহের প্রত্যয়নপত্র।

ধর্মী অনুষ্ঠানাদিতে যোগ দেয়ার অফিসিয়াল রেকর্ড কোন ধর্মীয় প্রতিষ্ঠান থেকে।

ইউএসএ তে জন্মগ্রহণ করা সন্তানদের জন্মসনদ।

গাড়ির লাইসেন্সের টাইটেল বা রেজিস্ট্রেশন এর রিসিপট।

দলিল মর্টগেজ বা বাড়ি ভাড়ার চুক্তির রেকর্ড।

বীমার পলিসি বা ট্যাক্স রিসিপট।

প্যারোল-ইন-প্লেসের আবেদনের ফরম আই-১৩১ এফ'র জন্য প্রয়োজনীয় কাগজ আই-১৩১ এফ এর জন্য যেসব ডকুমেন্ট দিতে হবেঃ

* বৈধ পাসপোর্ট
* জন্মসনদ
* ড্রাইভার লাইসেন্স / স্টেট আইডি
* বিয়ের সনদ
* স্বামী/স্ত্রীর ইউএস সিটিজেনশীপের প্রমাণ- ইউএসএর বার্থ সার্টিফিকেট, ইউএস সিটিজেনশীপ/ইউএস পাসপোর্ট
* আবেদনের ফিস ৫৮০ ডলার।
* ২ কপি ফটো।
* জুন ১৭ ২০২৪ এর পূর্বে ইউএস বসবাসের প্রমাণ।
* ইউএসএ জন্ম নেয়া সন্তানের জন্মসনদ
* ব্যাংক লেনদেনের রেকর্ড
* ট্যাক্স রিটার্ন
* মেইল
* ড্রাইভারস লাইসেন্স, নিজ বাড়ি ভাড়ার চুক্তিনামা
* বীমা পলিসি

আপনাদের বলতে চাওয়ার প্রেক্ষিতে পুনরায় স্পাউস, সন্তানদের জন্য নতুন আইনে আবেদন সম্পর্কে তথ্যপত্র উল্লেখ করা হলো।

এ ব্যাপারে বিস্তারিত জানার জন্য প্রয়োজন বোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন অ্যাটর্নির সাথে আলোচনা করতে পারেন যিনি আপনাকে সার্বিক পরিস্থিতি বিবেচনায় পরামর্শ দিতে পারেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪ ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০ ই-মেইল: kazmiandreeves@gmail.com
এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।



Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

ভাটেরা যুব সমাজ ইউএসএ'র বার্ষিক বনভোজনে মিলনমেলা

















ভাটেরা যুব সমাজ ইউএসএ ইনকে'র বার্ষিক বনভোজন ৩০ সেপ্টেম্বর সোমবার নিউ ইয়র্কের গ্লেন আইল্যান্ড পার্কে অনুষ্ঠিত হয়। ৯ম বারের মতো আয়োজিত ভাটেরা যুব সমাজ ইউএসএ'র এ বনভোজনে ভাটেরাবাসীসহ নিউ ইয়র্কে বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের মিলনমেলায় পরিণত হয়।

সাংবাদিকদের সম্মানে জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রীতিভোজ





নিউইয়র্ক: জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি আয়োজিত চলতি বছরের পথমেলা সফলভাবে সম্পন্ন হওয়ায় এবং সংগঠনের সকল কর্মকান্ডে সার্বিক সহযোগিতার জন্য সাংবাদিকদের সম্মানে এক প্রীতিভোজ অনুষ্ঠান হয়েছে। ফ্রেন্ডস সোসাইটির কার্যকরী পরিষদের পক্ষ থেকে বুধবার বিকেলে জ্যামাইকার পারর্সন্স বুলেভার্ডস্থ হালাল ডাইনার-এ এই প্রীতি ভোজের আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন সংগঠনের প্রতিষ্ঠাতা ও সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার।

ফ্রেন্ডস সোসাইটির ইতিহাসে প্রথমবারের মতো আয়োজিত ব্যতিক্রমী ও সংক্ষিপ্ত এই প্রীতিভোজ অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন সংগঠনের প্রধান উপদেষ্টা এবিএম ওসমান গনি, উপদেষ্টা ও সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, মেলা কমিটির আহ্বায়ক ও সাবেক সভাপতি বেলাল চৌধুরী, সিনিয়র সহ সভাপতি এ এফ মিসবাহউজ্জামান, প্রচার সম্পাদক এনায়েত মুন্সী প্রমুখ।

অনুষ্ঠানে বক্তারা তাদের সংক্ষিপ্ত বক্তব্যে এবারের পথমেলা সহ ফ্রেন্ডস সোসাইটির কর্মকান্ড সফল করায় কমিউনিটির প্রতি কৃতজ্ঞতা জানানোর পাশাপাশি প্রচার ও প্রচারে বিশেষ ভূমকা রাখায় সকল মিডিয়ার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং আগামী দিনের পথ চলায় সবার অব্যাহত সহযোগিতা কামনা করেন।

অনুষ্ঠানে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের কণ্ঠযোদ্ধা একুশে পদকপ্রাপ্ত শিল্পী রথীন্দ্রনাথ রায়, ফ্রেন্ডস সোসাইটির অন্যতম উপদেষ্টা ও সাপ্তাহিক হককথা সম্পাদক এবিএম সালাহউদ্দিন আহমেদ, সহ সভাপতি মোহাম্মদ কামরুল ইসলাম সনি, সদস্য জিল্লুর রহিম সহ অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন।

আব্দুল হাসিম হাসনু'র মায়ের

(শেষ পাতার পর) হসপিটালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। ইন্নাইলাইহি ওয়া ইন্নাইলাইহি রাজিউন। তার বয়স হয়েছিলো ৯২ বছর। মরহুমার গ্রামের বাড়ী সিলেটের ফেঞ্চুগঞ্জ উপজেলার রাজনপুর। মৃত্যুকালে তিনি ৪ পুত্র ও ২ কন্যা সহ বহু আত্মীয়-স্বজন রেখে গেছেন। পারিবারিক সিদ্ধান্তে তার মরদেহ বাংলাদেশের গ্রামে দাফন করা হবে।

